

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৪

আগরতলা, ২২ মে, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় জাতীয় পতঙ্গবাহিত রোগ নিয়ন্ত্রণে কীটনাশকযুক্ত মশারি বিতরণ

উত্তর ত্রিপুরা জেলায় গত ১৭ মে থেকে জাতীয় পতঙ্গবাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচিতে কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা শুরু হয়েছে। এই কর্মসূচিতে জেলার তিলথৈ, দশদা, গছিরামপাড়ায় কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়েছে। তাছাড়াও গত ২০মে কাঞ্চনপুর মহকুমা হাসপাতাল এবং পানিসাগর মহকুমা হাসপাতালের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রের সংশ্লিষ্ট এলাকায় কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়। মশারি বিতরণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীগণ এলাকাবাসীর সাথে এই ধরনের মশারির ব্যবহার, জলে ধোয়ার পদ্ধতি এবং ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতার বিষয়গুলি নিয়ে আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
